



UK Health  
Security  
Agency

NHS

টিকাদানের ব্যাপারে একটি নির্দেশিকা

# এক বছর বয়সে



সেপ্টেম্বর 2024 থেকে টিকাদানের সময়সূচী  
ফিচার করা আছে

**i**mmunisation

the safest way to protect your child

# শৈশবের টিকাদান কর্মসূচী

**মনে রাখবেন:** প্রত্যেকটি অ্যাপয়েলমেন্টে আপনাকে  
নিজের টিকাদানের রেড বুকটি আনতে হবে।



এই বুকলেটগুলোর কপি আপনার ক্লিনিক বা  
চিকিৎসকের সার্জারি থেকে পাওয়া যাবে। এছাড়া  
দেখুন: [www.nhs.uk/vaccinations](http://www.nhs.uk/vaccinations)

এই লিফলেটে সেপ্টেম্বর 2024 থেকে টিকাদানের  
সময়সূচীর বিবরণ রয়েছে

## সারাংশ

### আমাৰ সন্তানকে এক বছৱ বয়সে কোন টিকা নিতে হবে?

আপনাৰ শিশু নিম্নোক্তগুলো সহ তাৰ এক বছৱেৱ  
টিকাদানেৱ কৰ্মসূচীতে ৪টি ইঞ্জেকশন পাৰে:

- তাৰ **MenB** বুস্টাৰ টিকাদান
- একটি **হিব/MenC** টিকা, যা নিম্নোক্তেৱ বিৱৰণ্দে  
লড়াই করে:
  - হিব (হেমোফিলাস ইনফুয়েঞ্জা টাইপ b) এবং
  - মেনিনগোকোকাল গ্ৰুপ সি রোগ (MenC)
- একটি **PCV13** বুস্টাৰ টিকাকৰণ যা নিম্নোক্তেৱ  
বিৱৰণ্দে লড়াই করে:
  - নিউমোকোকাল রোগ, যা কয়েক প্ৰকাৰেৱ  
নিউমোকোকাল ব্যাক্টেৰিয়া থেকে হয়ে থাকে
- এটিৰ বিৱৰণ্দে তাৰ প্ৰথম **MMR** টিকাদান:
  - হাম
  - মাম্পস
  - রুবেলা



# এক বছর বয়সে টিকাদান

হিব, মেনিনগোকোকাল গ্রুপ বি এবং সি রোগ,  
নিউমোকোকাল রোগ, হাম, মাস্পস এবং  
রুবেলার বিরুদ্ধে সুরক্ষা দেয়

## হিব মানে কী?

হিব এমন একটি সংক্রমণ যা বিশেষত কম বয়সী  
শিশুদের মধ্যে গুরুতর অসুস্থতা তৈরি করতে পারে,  
যেমন মেনিনজাইটিস (ব্রেনের লাইনিংয়ে জ্বালাভাব),  
সেপ্টিসেমিয়া (রক্তে বিষক্রিয়া) এবং নিউমোনিয়া।

Hib/MenC টিকাকে মেনিটোরিক্স (Menitorix) বলা  
হয়, আপনি রোগী সংক্রান্ত তথ্যের লিফলেট এখানে  
দেখতে পারেন:

[www.medicines.org.uk/emc/product/167/pil](http://www.medicines.org.uk/emc/product/167/pil).

## মেনিনগোকোকাল রোগ মানে কী?

মেনিনগোকোকাল রোগ হলো এক প্রকারের গুরুতর  
সংক্রমণ, যা থেকে শিশু এবং কম বয়সী লোকজনের  
মধ্যে মেনিনজাইটিস এবং সেপ্টিসেমিয়া হতে পারে।

যুক্তরাজ্যে এখন অধিকাংশ ক্ষেত্রেই গ্রুপ বি  
মেনিনগোকোকাল ব্যাক্টেরিয়া (MenB) থেকে  
মেনিনগোকোকাল রোগ হচ্ছে। অন্যদিকে  
মেনিনগোকোকাল গ্রুপ সি (MenC) রোগ এখন বিশেষ  
একটা দেখা যায় না, তার কারণ বেশিরভাগ শিশু ও  
কিশোর-কিশোরীদেরকে MenC-এর হাত থেকে রক্ষা  
পেতে নিয়মিতভাবে টিকা দেওয়া হয়।

MenB টিকাকে বেক্সেরো (Bexsero), আপনি রোগীর  
তথ্য সম্বলিত লিফলেটটি এখানে দেখতে পারেন:

[www.medicines.org.uk/emc/product/5168/pil](http://www.medicines.org.uk/emc/product/5168/pil).

## **কোন টিকা ব্যবহার করা হবে?**

আপনার শিশু কম্বাইনড হাই/MenC টিকার একটি ডোজ এবং MenB টিকার বুস্টার ডোজ পাবে। এই টিকাগুলো হাতের বাহু এবং উরুর মাংসপেশীতে এই টিকাগুলো দেওয়া হবে।

## **আমার শিশুর কেন বুস্টার টিকার প্রয়োজন রয়েছে?**

আপনার শিশুকে আগে যে টিকা দেওয়া হয়েছিল, সেটির থেকে পাওয়া সুরক্ষাকে আরও মজবুত করতে বুস্টার টিকা দেওয়া হয়। বাচ্চাদের টিকার মাধ্যমে যে সুরক্ষা দেওয়া হয়, সময় অতিবাহিত হওয়ার সঙ্গে সঙ্গে সেটি হ্রাস পেতে পারে। বুস্টার ডোজ জীবনের পরের দিকে সুরক্ষার সময়সীমা বৃদ্ধি করতে সাহায্য করে।

## **হিব/MenC এবং MenB টিকার কি কোনো পার্শ্বপ্রতিক্রিয়া থাকবে?**

আপনার শিশুকে যেখানে ইঞ্জেকশন দেওয়া হবে, সেখানে লালভাব, ফুলে ঘাওয়া বা ব্যথা থাকতে পারে। যত শিশুকে এই টিকা দেওয়া হয়, তাদের মধ্যে প্রায় অর্ধেকেই খিটখিটে হয়ে ঘায় এবং কারুর কারুর হালকা জ্বর হয়। আপনি এই ফর্মে আপনার GP, প্র্যাক্টিস নার্স বা হেলথ ডিজিটরের থেকে আরও তথ্য পেতে পারেন।



## **নিউমোকোকাল রোগ মানে কী?**

নিউমোকোকাল রোগ হলো শিশুদের মধ্যে ব্যাস্টেরিয়াল মেনিনজাইটিসের একটি অন্যতম মূল কারণ, তবে এটি থেকে সেপ্টিসেমিয়া, নিউমোনিয়া, কানের সংক্রমণ (ওটিটিস মিডিয়া) এবং অন্যান্য গুরুতর অসুস্থতাও হতে পারে। ৯০টিরও বেশি ধরনের নিউমোকোকাল ব্যাস্টেরিয়া আছে।

## **কোন টিকা ব্যবহার করা হবে?**

যে টিকাটি ব্যবহার করা হয়, সেটি PCV13 (নিউমোকোকাল কনজুগেট টিকা)-এর একটি বুস্টার ডোজ, যেটি শিশুদের মধ্যে সবচেয়ে বেশি নিউমোকোকাল রোগ সৃষ্টিকারী 13টি ভিন্ন প্রকারের নিউমোকোকাল থেকে রক্ষা করে। এই টিকাটি হিব/MenC এবং MenB টিকা নিতে যাওয়ার সময় উরু বা বাহুর মাংসপেশীতে দেওয়া হবে।

## **PCV টিকার কি কোনো পার্শ্বপ্রতিক্রিয়া থাকবে?**

টিকা নেওয়া প্রত্যেক 10টি শিশুর মধ্যে 1 জন বা 2 জনের ইঞ্জেকশনের জায়গাটিতে ফুলে যাওয়া, লালভাব বা ব্যথা থাকতে পারে অথবা হালকা জ্বর হতে পারে। PCV টিকাটিকে বলা হয় Prevenar 13, আপনি রোগীর লিফলেট এখানে দেখতে পারেন: [www.medicines.org.uk/emc/product/453/pil](http://www.medicines.org.uk/emc/product/453/pil).

## **হাম মানে কী?**

একটি অত্যন্ত সংক্রামক ভাইরাসের কারণে হাম হয়ে থাকে। যাদের হাম হয়, তাদের প্রায় প্রত্যেকেরই তীব্র জ্বর, ফুসকুঁড়ি থাকে এবং সাধারণত অসুস্থ হয়ে পড়েন। হাম থেকে তৈরি হওয়া জটিলতার মধ্যে রয়েছে বুকে সংক্রমণ, ফিটস (সিজারস), এনসেফেলাইটিস (মস্তিষ্কে সংক্রমণ) এবং মস্তিষ্কে ক্ষতি। অত্যন্ত গুরুতর ক্ষেত্রে হাম থেকে মৃত্যু হতে পারে।

## **মাম্পস মানে কী?**

এক প্রকারের ভাইরাস থেকে মাম্পস হয়ে থাকে। এটি হলে জ্বর, মাথাব্যথা ছাড়াও মুখে, ঘাড়ে এবং চোয়ালে প্ল্যান্ড ফুলে যেতে, ব্যথা হতে পারে। এটির পরিণতিতে স্থায়ীভাবে বধির হয়ে যাওয়া, ভাইরাল মেনিনজাইটিস এবং এনসেফেলাইটিস (মস্তিষ্কে জ্বালাভাব এবং ফুলে যাওয়া)-এর মতো সমস্যা হতে পারে।

## **রুবেলা মানে কী?**

রুবেলা (জার্মান হাম) হলো এমন একটি রোগ, যা ভাইরাস থেকে হয়। শিশুদের মধ্যে এটি সাধারণত হালকা থাকে এবং চোখে নাও পড়তে পারে। তবে প্রেগনেন্সির সময় রুবেলা হলে অজাত শিশুটির ক্ষেত্রে তা গুরুতর হয়ে থাকে। এটি শিশুর দৃষ্টিশক্তিতে, শ্রবণশক্তিতে, হার্টে এবং মস্তিষ্কে গুরুতর ক্ষতি করতে পারে। এই অবস্থা বা সমস্যাটিকে বলা হয় কনজেনিটাল রুবেলা সিল্ড্রাম (CRS)।

## **MMR টিকা কী?**

এটিতে লাইভ হাম, মাম্পস এবং রুবেলা ভাইরাসের দুর্বল হয়ে যাওয়া ভার্সনগুলো থাকে। যেহেতু ভাইরাস দুর্বল হয়ে যায়, তাই যাদের টিকা নেওয়া আছে, তারা অন্যদের সংক্রান্তি করতে পারেন না। যুক্তরাজ্যে আমাদের 2টি MMR টিকা আছে। দুটোই খুব ভালো কাজ করে, একটিতে পোর্সিন জিলেটিন আছে এবং অন্যটিতে নেই। আপনি যদি চান যে আপনার সন্তান পোর্সিন জিলেটিন মুক্ত টিকা নিক, তাহলে এটি নিয়ে আপনার প্র্যাক্টিস নার্স বা GP-এর সঙ্গে আলোচনা করুন।

## **কীভাবে এবং কখন টিকা দেওয়া হয়?**

টিকাটি উরু বা বাল্তে থাকা মাংসপেশীতে ইঞ্জেক্ট করা হয়। শিশু তার মায়ের কাছ থেকে পাওয়া রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়ে যাওয়ার পর, এক বছরের মাথায় এটি দেওয়া হয়। আপনার শিশু স্কুলে যাওয়ার আগে, মোটামুটি 3 বছর 4 মাস বয়সের মাথায় টিকাটির দ্বিতীয় ডোজ দেওয়া উচিত।



## **MMR টিকা কতটা কার্যকর?**

1988 সালে MMR টিকার ব্যবহার শুরু করার পর যুক্তরাজ্যে কম বয়সী শিশুদের মধ্যে থেকে এই 3টি রোগকে প্রায় নির্মূল করা সম্ভব হয়েছিল MMR টিকার সৌজন্যে।

## **MMR টিকার কি কোনো পার্শ্বপ্রতিক্রিয়া আছে?**

টিকার 3টি আলাদা আলাদা ভাইরাস বিভিন্ন সময় সক্রিয় হতে পারে এবং প্রথম ডোজের পর নিষ্ঠাকৃত পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সৃষ্টি করতে পারে:

- টিকাদানের 6 থেকে 10 দিন পরে, টিকার মধ্যে থাকা হামের অংশটি যখন কাজ করতে শুরু করে, প্রায় 10 জন শিশুর মধ্যে একজনের জ্বর এবং কয়েকজনের মধ্যে হামের মতো ফুসকুঁড়ি হতে পারে এবং খাবার খেতে অনীহা হতে পারে।
- টিকা পাওয়া প্রায় প্রত্যেক 1,000 জন শিশুর মধ্যে একজন জ্বরের কারণে ফিট (সংজ্ঞা হারানো) হতে পারে। এটিকে বলা হয় 'ফেব্রাইল কনভালসন'। তবে যে শিশুদের টিকা দেওয়া হয়নি এবং হাম হয়েছে, তাদের ফিট হওয়ার 3 গুণ সম্ভাবনা রয়েছে
- MMR টিকাকরণের পর প্রায় 3 সপ্তাহের মাথায়, টিকার হামের অংশটি যখন কাজ করতে শুরু করে, তখন বিরল ক্ষেত্রে কিছু শিশুর মধ্যে হামের মতো উপসর্গ (জ্বর এবং প্ল্যান্ড ফুলে ঘাওয়া) দেখা দিতে পারে

---

**আপনার শিশুকে  
হাম, মাম্পস এবং রুবেলার হাত থেকে  
রক্ষা করার সবচেয়ে নিরাপদ উপায়  
হলো MMR!**

---

- খুব বিরল ক্ষেত্রে কিছু শিশুর মধ্যে টিকাকরণের পর 6 সপ্তাহ নাগাদ ছোট ক্ষত চিহ্নের মতো দেখতে ফুসকুঁড়ি হতে পারে। এটি সাধারণত টিকার মধ্যে থাকা হাম বা রুবেলার অংশের কারণে হয়ে থাকে। আপনি যদি এরকম দাগ দেখতে পান, তাহলে পরীক্ষা করানোর জন্য আপনার শিশুকে চিকিৎসকের কাছে নিয়ে যান। কীভাবে ফুসকুঁড়ির মোকাবিলা করতে হবে এবং ভবিষ্যতে আপনার শিশুকে কীভাবে সুরক্ষিত রাখতে হবে, আপনার চিকিৎসক আপনাকে তা বলে দেবেন।
- প্রতি দশ লক্ষ শিশুর মধ্যে এক জনেরও কম শিশুর মধ্যে MMR টিকার পর এনসেফেলাইটিস (মস্তিষ্কের জ্বালাভাব এবং ফুলে ঘাওয়া) হতে পারে। তবে একটি শিশুর যদি হাম হয়, তাহলে তার এনসেফেলাইটিস হওয়ার সম্ভাবনা 200 জনের মধ্যে একজনের এবং 5,000 জনের মধ্যে একজনের মধ্যে থাকে

## আমার শিশুর যদি ডিমের প্রতি অ্যালার্জি থাকে তাহলে কী করব?

যে শিশুদের ডিমের প্রতি তীব্র অ্যালার্জি (অ্যানাফিল্যাকটিক রিয়্যাকশন) রয়েছে, তাদেরকেও নিরাপদে MMR টিকা দেওয়া যেতে পারে। আপনার যদি কোনো উদ্বেগ থাকে, তাহলে আপনার হেলথ ডিজিটক, প্র্যাক্টিস নার্স বা চিকিৎসকের সঙ্গে কথা বলুন।

## MMR টিকার মধ্যে কি জিলেটিন থাকে?

যুক্তরাজ্যে আমাদের 2টি MMR টিকা আছে, যেগুলো খুব ভালো কাজ করে। তাদের মধ্যে একটিতে পোর্সিন জিলেটিন আছে এবং অন্যটিতে নেই। আপনি যদি এমন টিকা চান যেটির মধ্যে পোর্সিন জিলেটিন নেই, তাহলে আপনার প্র্যাক্টিস নার্স বা GP-এর সঙ্গে কথা বলুন। MMR টিকা রোগীর তথ্যের লিফলেট এখানে দেখতে পারেন:

### Priorix:

[www.medicines.org.uk/emc/product/1159/pil](http://www.medicines.org.uk/emc/product/1159/pil)

### MMRVAXPRO:

[www.medicines.org.uk/emc/product/6307/pil](http://www.medicines.org.uk/emc/product/6307/pil)

# মেনিনজাইটিস এবং সেপ্টিসেমিয়ার উপর নজর

মেনিনজাইটিস এবং সেপ্টিসেমিয়া, উভয়ই খুব গুরুতর। এটা গুরুত্বপূর্ণ যে আপনি লক্ষণ এবং উপসর্গগুলো চিনতে পারেন এবং সেগুলো দেখার পর কী করতে হবে তা আপনি জানেন।

মেনিনজাইটিস এবং সেপ্টিসেমিয়ার প্রাথমিক উপসর্গগুলো ঠাণ্ডা লাগা বা ফ্লু (জ্বর, বমি, খিটখিটে ভাব এবং অস্থিরতা)-এর মতো হতে পারে।

তবে যারা মেনিনজাইটিস বা সেপ্টিসেমিয়াতে আক্রান্ত হয়ে থাকেন, তারা কয়েক ঘণ্টার মধ্যেই গুরুতর অসুস্থ হয়ে যেতে পারেন। তাই এই শারীরিক সমস্যার লক্ষণ ও উপসর্গগুলো জেনে নেওয়া গুরুত্বপূর্ণ।



## মেনিনজাইটিস মানে কী?

মেনিনজাইটিস মানে মস্তিষ্কের লাইনিংয়ের সংক্রমণ। একাধিক প্রকারের ব্যাক্টেরিয়া বা ভাইরাস থেকে মেনিনজাইটিস হতে পারে।

মেনিনগোকোকাল ব্যাক্টেরিয়ার সংক্রমণ থেকে মেনিনজাইটিস, সেপ্টিসেমিয়া (রক্তের বিষক্রিয়া), পেরিকার্ডিটিস (যে স্যাকের মধ্যে হার্ট থাকে, সেটির লাইনিংয়ে জ্বালাভাব) এবং আর্থ্রাইটিস (গাঁট ফুলে যাওয়া) হতে পারে।

শিশুদের মধ্যে মেনিনজাইটিসের প্রধান উপসর্গগুলোর মধ্যে এগুলো থাকতে পারে:

- উচ্চ-স্বরে, ফুঁপিয়ে ফুঁপিয়ে কানা
- গায়ে হাত দিলেই খিটখিটে হয়ে যাওয়া
- ফন্টানেল্লে (মাথার সামনের দিক) ফুলে যাওয়া
- ঝিমুনিভাব এবং কম প্রতিক্রিয়াশীল - ঘুম থেকে তুলতে সমস্যা
- অলস ধরনের এবং নিরুৎসাহ থাকা
- হঠাত হঠাত ঝটকা ভাব সহ কঠিন হয়ে থাকা (কনভালসন/ফিট)
- খাবার খেতে না চাওয়া, বমি করা
- ফ্যাকাশে, ছোপ ছোপ দাগ বা নীল হয়ে যাওয়া ত্বক
- জ্বর

## সেপ্টিসেমিয়া মানে কী?

সেপ্টিসেমিয়া একটি গুরুতর শারীরিক অবস্থা, যখন খালি স্ট্রিম সংক্রান্তি হয়। হাত-পা ঠাণ্ডা হয়ে যাওয়া, ফ্যাকাশে ভুক, বমি হওয়া এবং সব সময় ঘুম পাওয়া বা ঘুম থেকে তুলতে সমস্যা হওয়ার মতো লক্ষণগুলো দ্রুত দেখা দিতে পারে। আপনার যদি সেপ্টিসেমিয়া বলে সন্দেহ হয়, তাহলে দ্রুত সাহায্য নিন।

শিশুদের মধ্যে সেপ্টিসেমিয়ার উপসর্গের মধ্যে এগুলো রয়েছে:

- দ্রুত এবং অস্বাভাবিক প্যাটার্নে শ্বাসপ্রশ্বাস
- ফ্যাকাশে, ছোপ ছোপ দাগ বা নীল হয়ে যাওয়া ভুক
- জ্বর সহ হাত, পা ঠাণ্ডা হয়ে যাওয়া
- কাঁপতে থাকা
- বমি করা এবং খাবার খেতে না চাওয়া
- লাল বা বেগুনী রঙের দাগ, যা চাপ পড়লেও মিলিয়ে যায় না (পরবর্তী পেজে যে প্লাস টেস্ট ব্যাখ্যা করা হয়েছে, সেটি করে দেখুন)\*
- মাংসপেশীতে ব্যথা বা অস্পষ্টিভাব কিংবা শরীরের বিভিন্ন অঙ্গে বা গাঁটে তীব্র ব্যথা
- অলসতা
- তীব্র ঘুম ঘুম ভাব

এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে সবার মধ্যেই তালিকাভুক্ত সমস্ত উপসর্গ দেখা যায় না এবং এই উপসর্গের তালিকাটি সম্পূর্ণ নয়। কোনো ব্যক্তির মধ্যে যদি উপসর্গগুলোর মধ্যে কয়েকটি দেখা দেয়, বিশেষত লাল বা বেগুনী রঙের দাগ, তাহলে দ্রুত মেডিকেল সহায়তা নিন। আপনি যদি নিজের চিকিৎসকের সঙ্গে ঘোগাযোগ করতে না পারেন বা পরামর্শ পাওয়ার পরেও উদ্বিগ্ন থাকেন, তাহলে নিজের আশঙ্কাকে উড়িয়ে না দিয়ে বরং আপনার নিকটবর্তী হাসপাতালের জরুরি বিভাগে আপনার শিশুকে নিয়ে যান।

\*কালো ভকে, মুখের ইনসাইড আইলিড বা রুম দেখুন, যেখানে দাগ আরও স্পষ্টভাবে দেখা যেতে পারে

## ফ্লাস টেস্ট

ফুসকুঁড়ির উপরে জল/পানী খাওয়ার  
একটি পরিচ্ছন্ন ফ্লাসের একটি দিক  
শক্ত করে চেপে ধরুন, যাতে আপনি  
দেখতে পারেন যে চাপ দিলে ওই  
ফুসকুঁড়ি মিলিয়ে যায় বা সেটির রং চলে  
যায় কি না। যদি এটির রং না বদলায়, তাহলে তৎক্ষণাত  
আপনার চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন।



## আমি কোথা থেকে আরও তথ্য পাব?

এই দাতব্য সংস্থাগুলো তথ্য, পরামর্শ এবং সহায়তা দেয়:

### Meningitis Research Foundation

ফ্রি হেল্পলাইন 080 8800 3344

(সপ্তাহের কাজের দিনগুলোতে সকাল ৭টা থেকে রাত  
১০টা, ছুটির দিনগুলোতে এবং উইকেন্ডে সকাল ১০টা  
থেকে রাত ৪টা)

[www.meningitis.org](http://www.meningitis.org)

### Meningitis Now

24 ঘণ্টার হেল্পলাইন 0808 8010 388

[www.meningitisnow.org](http://www.meningitisnow.org)

এছাড়া আপনার চিকিৎসক, প্র্যাস্টিস নার্স বা হেলথ  
ভিজিটরের কাছে পরামর্শের অনুরোধ করতে পারেন বা  
**NHS**-কে 111 নম্বরে কল করতে পারেন।

**মা-বা এবং যন্ত্র প্রদানকারীরা Yellow Card  
Scheme ক্ষিমের মাধ্যমে টিকা ও ওষুধের  
সন্দেহজনক পার্শ্বপ্রতিক্রিয়ার ব্যাপারে রিপোর্ট করতে  
পারেন।**



এটি

[yellowcard.mhra.gov.uk](http://yellowcard.mhra.gov.uk)

ভিজিট করে বা Yellow Card  
হেল্পলাইন 0800 731 6789-এ কল  
করে করতে পারেন।

এছাড়া আপনি QR কোডটি  
ব্যবহার করে বা Yellow Card  
অ্যাপটি ডাউনলোড করেও এটি  
করতে পারেন।

# সেপ্টেম্বর 2024 থেকে রুটিন শৈশবের টিকাদান প্রোগ্রাম

যে বয়সে দিতে হবে	যে যে রোগের থেকে সুরক্ষিত থাকবে	যে টিকা দেওয়া হবে
আট সপ্তাহ বয়সী	ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিসি (হপিং কফ), পোলিও, হেমোফিলাস ইনফ্রুয়েঞ্জ/টাইপ বি (হিব) এবং হেপাটাইটিস বি	DTaP/IPV/Hib/HepB
	মেনিনগোকোকাল গ্রুপ বি (MenB)	MenB
	রোটাভাইরাস গ্যাস্ট্রোএন্টেরাইটিস	রোটাভাইরাস <sup>2</sup>
বারো সপ্তাহ বয়সী	ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিসি, পোলিও হিব এবং হেপাটাইটিস বি	DTaP/IPV/Hib/HepB
	নিউমোকোকাল (13টি সেরোটাইপ)	নিউমোকোকাল কনজুগেট ভ্যাকসিন (PCV)
	রোটাভাইরাস	রোটাভাইরাস <sup>2</sup>
মোলো সপ্তাহ বয়সী	ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিসি পোলিও, হিব এবং হেপাটাইটিস বি	DTaP/IPV/Hib/HepB
	MenB	MenB
এক বছর বয়সী (শিশুটির প্রথম জন্মদিনে বা তার পরে)	হিব এবং MenC	হিব/MenC
	নিউমোকোকাল	PCV বুস্টার
	হাম, মাম্পস এবং রুবেলা (জার্মান হাম)	MMR
	MenB	MenB বুস্টার
উপর্যুক্ত পেডিয়াত্রিক এজ গ্রুপসমূহ <sup>4</sup>	ইনফ্রুয়েঞ্জ (প্রত্যেক বছর সেপ্টেম্বর থেকে)	লাইভ অ্যাটেন্যুয়েটেড ইনফ্রুয়েঞ্জ টিকা LAIV <sup>3,6</sup>
তিনি বছর চার মাস বয়সে বা তার ঠিক পর পর	ডিপথেরিয়া, টিটেনাস, পার্টুসিসি এবং পোলিও	dTaP/IPV
	হাম, মাম্পস এবং রুবেলা	MMR (দেখে নিন প্রথম ডোজ দেওয়া হয়েছে)
বারো থেকে তেরো বছর বয়সী ছেলে এবং মেয়ে	সুনিদিষ্ট মানব প্যাপিলোমাভাইরাসের কারণে হওয়া ক্যানসার এবং জেনিটাল ওয়ার্ট (HPV) টাইপ	HPV <sup>5</sup>
চৌদ্দ বছর বয়স (স্কুলের বছর 9)	টিটেনাস, ডিপথেরিয়া এবং পোলিও	Td/IPV (MMR স্ট্যাটাস দেখুন)
	মেনিনগোকোকাল গ্রুপ এ, সি, ডারিল্ড এবং ওয়াই	MenACWY

[1] উরুর অ্যান্টিরোল্যাটেরাল-এ বা বাহতে ডেল্টায়েড মাংসপেশীতে ইট্রামাস্টলার ইঞ্জেকশন। [2] কেবলমাত্র SCID স্ক্রিনিংয়ের ফলাফল পরীক্ষা করার পরই রোটাভাইরাস টিকা দেওয়া উচিত। [3] পোর্সিন জিলেটিন আচ্ছা। [4] এখানে বার্ষিক ছুক সংক্রান্ত ঠিক দেখুন: [www.gov.uk/government/collections/annual-flu-programme](http://www.gov.uk/government/collections/annual-flu-programme)। [5] টিকা না নেওয়া যে কম বয়সীদের 3টি ডোজ প্রয়োজন, তাদের ব্যাপারে বিবরণের জন্য গ্রিন বুক HPV অধ্যায় 18a দেখুন। [6] যদি LAIV (লাইভ অ্যাটেন্যুয়েটেড ইনফ্রুয়েঞ্জ টিকা) যদি ব্যবহার না করা উচিত হয়ে থাকে বা অন্য কারণে সেটির ব্যবহার অনুপযুক্ত হয়, তাহলে ইনআন্টিভেট করা ফ্লুয়ের টিকা ব্যবহার করুন (বিশদ বিবরণের জন্য গ্রিন বুক অধ্যায় 19 দেখুন)। [7] 50 বছর বয়সী একদম টিকা না নেওয়া লোকজন সহ উপর্যুক্ত বয়সের গ্রুপের ব্যাপারে বিশদ বিবরণের জন্য গ্রিন বুক শিজলস অধ্যায় 28a দেখুন।

## গুরুতর শারীরিক সমস্যা থাকা লোকজনের জন্য অতিরিক্ত টিকা

শারীরিক অবস্থা	যে রোগগুলোর বিরুদ্ধে সুরক্ষিত আছে	যে টিকাগুলো প্রয়োজন <sup>1</sup>
অ্যাসপ্লেনিয়া বা স্প্লেনিক ডিসফাংশান (সিকল সেল এবং কোয়েলিক রোগের কারণ হওয়া সহ)	মেনিনগোকোকাল ফ্রপ এ, বি, সি, ড্রু এবং ওয়াই নিউমোকোকাল ইনফ্লুয়েঞ্জা	MenACWY MenB PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লু টিকা
কোচলিয়ার ইম্প্ল্যান্ট	নিউমোকোকাল	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে)
দীর্ঘদিনের শ্বাসপ্রয়াস সংক্রান্ত এবং হার্টের সমস্যা (যেমন গুরুতর অ্যাস্মা, দীর্ঘদিনের পালমোনারি রোগ এবং হার্ট ফেলিওর)	নিউমোকোকাল ইনফ্লুয়েঞ্জা	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লুয়ের টিকা
দীর্ঘদিনের নিউরোলজিক্যাল অবস্থা (যেমন পার্কিনসন্স বা মোটর নিউরোন রোগ বা লার্নিং সম্পর্কিত প্রতিবন্ধকতা)	নিউমোকোকাল ইনফ্লুয়েঞ্জা	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লু টিকা
ভায়াবেটিজ	নিউমোকোকাল ইনফ্লুয়েঞ্জা	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লু টিকা
দীর্ঘদিনের কিডনি সংক্রান্ত রোগ (CKD) (হিমোডায়ালিসিস সহ)	নিউমোকোকাল (স্টেজ 4 এবং 5 CKD) ইনফ্লুয়েঞ্জা (স্টেজ 3, 4 এবং 5 CKD) হেপাটাইটিস বি (স্টেজ 4 এবং 5 CKD)	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লু টিকা হেপাটাইটিস বি
দীর্ঘদিনের লিভার সংক্রান্ত সমস্যা	নিউমোকোকাল ইনফ্লুয়েঞ্জা হেপাটাইটিস এ হেপাটাইটিস বি	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লু টিকা হেপাটাইটিস এ হেপাটাইটিস বি
হিমোফিলিয়া	হেপাটাইটিস এ হেপাটাইটিস বি	হেপাটাইটিস এ হেপাটাইটিস বি
রোগ বা চিকিৎসার কারণে ইমিউনোসাপ্রেশন <sup>4</sup>	নিউমোকোকাল শিঙ্গলস টিকা ইনফ্লুয়েঞ্জা	PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2,3</sup> PPV23 (2 বছর বয়স থেকে) Shingrix – 50 বছরের বেশি বয়সী <sup>5</sup> বার্ষিক ফ্লু টিকা
কমপ্লিমেন্ট ডিসঅর্ডার (যারা কমপ্লিমেন্ট ইনহিবিটর থেরাপি পাচ্ছেন, তারা সহ)	মেনিনগোকোকাল ফ্রপ এ, বি, সি, ড্রু এবং ওয়াই নিউমোকোকাল ইনফ্লুয়েঞ্জা	MenACWY MenB PCV13 (10 বছর বয়স পর্যন্ত) <sup>2</sup> PPV23 (2 বছর বয়স থেকে) বার্ষিক ফ্লুয়ের টিকা

[1] সুনির্দিষ্ট সময়সূচীর জন্য প্রিন্ট বুকের প্রাসিস্ক অধ্যায় দেখুন: [www.gov.uk/government/collections/immunisation-against-infectious-disease-the-green-book](http://www.gov.uk/government/collections/immunisation-against-infectious-disease-the-green-book)। [2] যদি 2 বছর থেকে  
10 বছরের মধ্যে বয়স হয় এবং নিউমোকোকাল সংক্রমণের বিরুদ্ধে টিকা না নিয়ে থাকে বা আংশিকভাবে  
টিকা নিয়ে থাকে, তাহলে একটি PCV13 ডোজ দিন। [3] যেকোনো বয়সীদের, যারা গুরুতরভাবে টিকা থেকে  
বঞ্চিত বা টিকা পায়নি। [4] বাড়ির সদস্য এবং যারা এই রোগ আক্রান্ত লোকজনের সেবা করেন, তাদের জন্য  
বার্ষিক ইনফ্লুয়েঞ্জা টিকার কথা বিবেচনা করুন। [5] প্রিন্ট বুক শিঙ্গলস অধ্যায় 28a দেখুন [www.gov.uk/government/publications/shingles-herpes-zoster-the-green-book-chapter-28a](http://www.gov.uk/government/publications/shingles-herpes-zoster-the-green-book-chapter-28a)।

# নির্বাচিত শৈশব সংক্রান্ত টিকাকরণ প্রোগ্রাম

টাগেট গ্রুপ	বয়স এবং সময়সূচী	রোগ	যে টিকাগুলো প্রয়োজন
হেপাটাইটিস বি সংক্রান্ত মায়ের থেকে জন্ম নেওয়া সন্তান	জন্মের সময়, চার সপ্তাহ থেকে 12 মাস বয়সের মাথায় <sup>1,2</sup>	হেপাটাইটিস বি	হেপাটাইটিস বি (Engerix B/HBvaxPRO)
দেশের যে অংশ টিবির প্রবণতা রয়েছে, সেই অঞ্চলের সদ্যোজাত >= 40/100,000	প্রায় 28 দিন বয়সী <sup>4</sup>	টাৰ্বোকিউলোসিস	BCG
মা-বাবা কিংবা নানা-নানি/গ্র্যান্ড পেরেন্ট উচ্চ প্রবণতামুক্ত দেশে জন্মেছেন, তাদের সদ্যোজাত <sup>3</sup>	প্রায় 28 দিন বয়সী <sup>4</sup>	টাৰ্বোকিউলোসিস	BCG
একটি ক্লিনিক্যাল ঝুঁকির গ্রুপে থাকা শিশু	6 মাস থেকে 17 বছর বয়সী শিশু	ইনফুয়েঝ়া	LAIIV বা ইনঅ্যাস্টিভেট করা ফ্লুয়ের টিকা, যদি LAIV দেওয়া অনুচিত হয় বা অনুর্ধ্ব 2 বছর বয়সী হয়
গর্ভবতী মহিলা	ফ্লুয়ের মরসুমে গর্ভাবস্থার যে কোনো পর্যায়ে	ইনফুয়েঝ়া	ইনঅ্যাস্টিভেট করা ফ্লুয়ের টিকা
	16 সপ্তাহের জেস্টেশন থেকে <sup>5</sup>	পাটুসিস	Tdap বা dTaP/IPV
	28 সপ্তাহের জেস্টেশন থেকে	RSV	RSV টিকা

[1] সংক্রমণ হঠাতে 12 মাসের মাথায় HBsAg থেকে রক্ত নিন। [2] এছাড়া 8, 12 এবং 16 সপ্তাহের মাথায় হেক্সাভ্যালেন্ট টিকা (Infanrix hexa বা Vaxelis) দেওয়া হয়। [3] যেখানে টিবির বার্ষিক প্রবণতার পরিমাণ >= 40/100,000 - দেখুন [www.gov.uk/government/publications/tuberculosis-tb-by-country-rates-per-100000-people](http://www.gov.uk/government/publications/tuberculosis-tb-by-country-rates-per-100000-people). [4] BCG দেওয়ার আগে SCID ক্লিনিংয়ের ফলাফল দেখে নিন। [5] আদর্শ পরিবেশে সাধারণত 32 সপ্তাহের জেস্টেশনের আগে, তবে 32 সপ্তাহের পরেও দেওয়া যাবে।



Prodotto da  
UK Health Security Agency

© Crown copyright 2024

2024QG1BEN Bengali 1p 500K AUG 2024

UK Health Security Agency gateway number: 2024495

এই সংস্করণটি ডিসেম্বর 2019-এ প্রথমবার প্রকাশ করা হয়েছিল।

আপনার যদি এই লিফলেটের আরও কপির প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে [www.healthpublications.gov.uk](http://www.healthpublications.gov.uk) ভিজিট করে

হেলথ পাবলিকেশন অর্ডারলাইনে যোগাযোগ করুন। Ph1: 0300 123 1002.  
Minicom: 0300 123 1003 (সকাল 8টা থেকে সন্ধ্যা 6টা, সোমবার থেকে শুক্রবার)।

অনুগ্রহ করে এই প্রোডাক্ট কোড ব্যবহার করুন: 2024QG1BEN Bengali